গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল,দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-১৭১ তারিখ: ১১/১০/২০২৩ খ্রি:

বিষয়: উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার 'যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি'র এক সভা আগামী ১২/১০/২০২৩ খ্রি: তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: ০১। চেয়ারম্যান ১নং ইউপি, ২নং ইউপি ও ৪নং ইউপি।

০২। মহিলা সদস্য (সংরক্ষিত), ৩নং ওয়ার্ড ৫নং পলাশবাড়ী ইউপি।

(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-১৭১ তারিখ: ১১/১০/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৪। অফিস নথি।

১১/১০/২০২৩

(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

## দিনাজপুর জেলাধীন বিরল উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ খ্রি: মাসের যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ: ১২/১০/২০২৩ খ্রি:।

সময়: সকাল ১১.০০ ঘটিকা।

আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। যুব প্রশিক্ষণ ও যুবঋণ

৩। ১ নভেম্বর জাতীয় যুব দিবস সম্পর্কে আলোচনা।

৪। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

যুব প্রশিক্ষণ: সভায় সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ১৪ টি ব্যাচের মধ্যে ২টি ব্যাচে ৬০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সদস্য সচিব প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার ক্ষেত্রে সহায়তা প্রদানের জন্য উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানান। তিনি আরো জানান, ইমপ্যাক্ট ৩য়-পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সমপ্রসারন এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলার আত্মকর্মীদের নিকট হতে আবেদনপত্র সংগ্রহ করা হচ্ছে। ২০(বিশ) জন করে ২টি ব্যাচে মোট ৪০(চল্লিশ) জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। সদস্য সচিব এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। উপস্থিত সদস্যগণ বায়োগ্যাস প্রযুক্তি স্থাপনে ইচ্ছুক যুব ও যুব মহিলাদের বাছাই করে প্রশিক্ষণ প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

যুবঋণ: সভায় সদস্য সচিব বলেন, ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক কর্মসূচীসহ ৯০ জন যুব ও যুবমহিলাকে ৩২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণের নির্ধারিত লক্ষমাত্রার মধ্যে এপর্যন্ত ২৬ জন যুব ও যুবনারীর মধ্যে ১২,৮০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। প্রতি বছরের ন্যায় আসছে ১ নভেম্বর জাতীয় যুব দিবস সফলভাবে উদযাপনের জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জাতীয় যুব দিবসে সফল আত্মকর্মীদের মাঝে যুবঋণ, প্রশিক্ষণের সনদপত্র বিতরণের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণের মাঝে জাতীয় যুব দিবস সফলভাবে উদযাপনের জন্য ব্যাপক আলোচনা হয়। সভাপতিসহ কমিটির সকলে আলোচনা পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

০১। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের অবশিষ্ট ব্যাচের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত।

০২। সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সমপ্রসারন এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত।

০৩। ১ নভেম্বর জাতীয় যুব দিবসে সফল আত্মকর্মীদের মাঝে যুবঋণ বিতরণের সিদ্ধান্ত।

০৪। জাতীয় যুব দিবস ২০২৩ সফলভাবে উদযাপনের সিদ্ধান্ত।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:

(মোঃ মাহামুদুল হাসান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর ও
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বিরল, দিনাজপুর

চলমান পাতা-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল,দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-১৭২ তারিখ: ০৯/১০/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৪। অফিস নথি।

(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর